

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ, সলিসিটর অনুবিভাগ, প্রশাসন শাখা-১  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাসন, ঢাকা।


নং ১০.০০.০০০০.১৩৩.৫৬.০০১.২১-৪৭(১৩৮)

০৬ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ  
তারিখ-----  
২১ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ

**বিষয়ঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চলমান সরকারি স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলাসমূহের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এর সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ পরিচালিত হয়। বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে বিচারার্থীন বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এর সরকারি স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলাসমূহের বিচারকার্য ত্বরান্বিত করার জন্য মামলাসমূহের একটি তালিকা আবশ্যিক। উল্লেখ্য যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এর সরকারি স্বার্থ সংশ্লিষ্ট উচ্চ আদালতে চলমান মামলার প্রয়োজনীয় যোগাযোগ রাখার লক্ষ্যে অত্র অনুবিভাগ হতে ইতোমধ্যে ফোকাল পার্সন মনোনয়ন প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীমকোর্টের উভয় বিভাগে চলমান প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এর সরকারি স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলা/মামলাসমূহের তথ্য পত্র প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে তথ্যের হার্ডকপি ও সফটকপিসহ অত্র সলিসিটর অনুবিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মিজানুর রহমান)  
সহকারী সচিব(প্রশাসন-১)  
ফোন: ৫৫১১০৩৯৪ (অফিস)

**সদয় কার্যার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব(সকল মন্ত্রণালয়/বিভাগ).....(তাঁর অধিনস্থ সকল বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
- ৩। জেলা প্রশাসক (সকল).....(তাঁর জেলার জিপি/পিপিসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।

৪। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় জ্ঞাতার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, সলিসিটর অনুবিভাগ, ঢাকা।
- ৩। অফিস কপি।